# চতুর্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারি যানবাহন অধিদপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা, ২০২২-২৩

সরকারি যানবাহন অধিদপ্তর

জনপ্রশাসন মন্ত্রণালয়

**পটভূমি:-** চতুর্থ শিল্প বিপ্লব হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং শিল্প ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। স্মার্টফোনের মাধ্যমে সারা বিশ্বের তথ্য প্রযুক্তি খাতের পরিবর্তন, ইন্টারনেট অব থিংস, যন্ত্রপাতি পরিচালনায় কৃত্রিম বুদ্ধিমত্তার প্রয়োগ, রোবোটিকস, জীব প্রযুক্তি, কোয়ান্টাম কম্পিউটিংয়ের মত বিষয় গুলো ডিজিটাল বিপ্লবের মাধ্যমে বিশ্ব অর্থনীতির সবচেয়ে বেশী অগ্রগতি হয়েছে শিল্পবিপ্লবের ফলে। প্রযুক্তি নির্ভর এ ডিজিটাল বিপ্লবকেই বলা হচ্ছে চতুর্থ শিল্প বিপ্লব। বিশ্ব এখন জোর পায়ে এগিয়ে যাচ্ছে চতুর্থ শিল্প বিপ্লবের দিকে। বাংলাদেশও রয়েছে চতুর্থ শিল্প বিপ্লবের দ্বার প্রান্তে। এ বিপ্লবের ফলে নানামুখী সম্ভবনার সৃষ্টি তথা দেশের সামগ্রিক চালচিত্র। অটোমেশনের প্রভাব কর্মক্ষেত্রে ঝুঁকি, স্বাস্থ্য ও চিকিৎসা খাতে বড় পরিবর্তন, বিশেষায়িত পেশার চাহিদা বৃদ্ধি, সামগ্রিক জীবন ধারায় চতুর্থ শিল্প বিপ্লবের সূচনা করেছে।

**উদ্দেশ্য:-** সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য হল ৪র্থ শিল্প বিপ্লবের প্রযুক্তির সাথে সামজ্ঞস্য রেখে উন্নয়নের ধারা অব্যাহত রাখার পাশাপাশি প্রশাসনিক কাজের স্বার্থে দক্ষ গাড়িচালক ও আধুনিক প্রযুক্তির গাড়ি সরবরাহ।

**সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ:-**

১. সরকারি যানবাহন অধিদপ্তরের উন্নয়ন, বাস্তবায়ন এবং যানবাহনের ক্ষেত্রে টেকসই রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য উদ্যোগ গ্রহণ।

২. গাড়ি ও গাড়িচালকের দক্ষ পরিচালনার ক্ষেত্রে চতুর্থ শিল্প বিপ্লবের প্রযুক্তি সমূহের সাথে সম্ভার করে অফিস অটোমেশন তৈরীর উদ্যোগ গ্রহণ।

৩. ৪র্থ শিল্প বিপ্লবের সাথে সামজ্ঞস্য রেখে প্রতিষ্ঠানকে এগিয়ে নিতে সম্যতা উন্নয়নকল্পের দক্ষ জনশক্তি তৈরীকরণ।

**সামগ্রিক সক্ষমতা:-** বর্তমান বিশ্বের আধুনিক প্রযুক্তির সাথে মানিয়ে নিতে সরকারি যানবাহন অধিদপ্তর কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে এ অধিদপ্তরের অনেক অগ্রগতি হয়েছে। ডায়নামিক ওয়েবসাইট তৈরিসহ সকল পর্যায় ই-গভর্নেস, ই-কার্যক্রম গ্রহণ করা হয়েছে। আধুনিক পরিচর্যা ক্ষেত্রে গাড়িতে ভেহিক্যাল ট্রেকার স্থাপন, মোবাইল এ্যাপস এর মাধ্যমে জেলা ও উপজেলায় টায়ার টিউব ও ব্যাটারীর চাহিদা নিরূপণ ও সরবরাহ এবং সরকারি যানবাহন মেরামত কারখানার ভান্ডারে গ্রহণকৃত যন্ত্রপাতি কাঁচামালের গুণগত মান বার কোডের মাধ্যমে যাচাই নিশ্চিতকরণ ও গাড়িতে সংযোজন করে চতুর্থ শিল্প বিপ্লবের উপাদান সমূহ তথ্য উচ্চতর প্রযুক্তি প্রয়োগ করে সরকারি যানবাহন অধিদপ্তরে বিভিন্ন ক্ষেত্রে ই-কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

# ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ সম্ভাব্য মোকাবেলায় সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মপরিকল্পনা, ২০২২-২৩

| সরকারি যানবাহন অধিদপ্তরের চ্যালেঞ্জ | কার্যক্রমের নাম | কর্মসম্পাদনের নাম/বিবরণ | সংখ্যা/ পরিমান | বাস্তবায়ন (তারিখ/মাস) | বাস্তবায়নকারী কর্মকর্তা কর্মচারী | অর্জন |
|---|---|---|---|---|---|---|
| সরকারি যানবাহন অধিদপ্তরকে আধুনিকায়ন ও দ্রুত যানবাহন সেবা নিশ্চিত করা। | সভা | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীদেরকে এই বিষয়ে আইন/পলিসি/ কর্মপরিকল্পনা বিষয়ে সচেতনতামূলক সভা আয়োজন। | ৩টি | ডিসেম্বর/২২ ফেব্রুয়ারি/২৩ এপ্রিল/২৩ | পরিচালক (নৌ) | অধিক সংখ্যক কর্মকর্তা-কর্মচারীর দক্ষতা অর্জনের মাধ্যমে দ্রুততর সময় সেবা নিশ্চিত করা যাবে। |
| | কর্মশালা | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মশালা আয়োজনের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলা। | ২ | ডিসেম্বর/২২ মার্চ/২৩ | পরিচালক (নৌ) | |
| | আধুনিক যানবাহন সংগ্রহ | সরকারি যানবাহন অধিদপ্তর আধুনিকায়ন ও বিভিন্ন প্রযুক্তির গাড়ি সংগ্রহের কার্যক্রম গ্রহণ এবং এর অংশ হিসেবে ভি.আই.পি/মন্ত্রী/ প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ সমান পদ মর্যাদার ব্যক্তি বর্গ, বিদেশী ডেলিগেটদের জন্য আধুনিক প্রযুক্তির আন্তজার্তিক মানসম্পন্ন টেকসই/হাইব্রিড মার্সিডিজ গাড়ি, বিভাগীয় কমিশনার/ অতিরিক্ত বিভাগীয় কমিশনার, প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয় এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের ব্যবহারের জন্য আধুনিক প্রযুক্তির গাড়ি সংগ্রহ ও বরাদ্দ প্রদান করা। | ৩০০টি গাড়ি | ২০২২-২৩ ও ২০২৩-২৪ অর্থবছর | ১। পরিচালক (সড়ক)<br>২। প্রশাসনিক কর্মকর্তা। | |
| | বহুতল ভবন নির্মাণ | অধিক স্পেস সংকুলানের মাধ্যমে সেবা প্রদানে গতিশীলতা আনয়ন করা, বিভিন্ন মন্ত্রণালয় বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও সরকারি বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাদের গাড়ি সংস্থান, আধুনিক ও নিরাপদ পার্কিং সুবিধা প্রদানের লক্ষ্যে একটি ২০ তলা ভবন নির্মাণ করা। | ১টি | ৪ বছর মেয়াদী | ১।পরিচালক (সড়ক)<br>২।ব্যবস্থাপক | |

| সরকারি যানবাহন অধিদপ্তরের চ্যালেঞ্জ | কার্যক্রমের নাম | কর্মসম্পাদনের নাম/বিবরণ | সংখ্যা/ পরিমান | বাস্তবায়ন (তারিখ/মাস) | বাস্তবায়নকারী কর্মকর্তা কর্মচারী | অর্জন |
|---|---|---|---|---|---|---|
| | আধুনিক যানবাহন মেরামত কারখানা স্থাপন। | সরকারি যানবাহন মেরামত কারখানাকে আধুনিকায়ন ও যুগোপযোগী করার লক্ষ্যে বিদ্যমান ভূমিতে একটি ২০ তলা বহুতল ভবন নির্মাণ, গাড়ি মেরামত ও ত্রুটি বিচ্যুতি নির্ণয়/সনাক্তের ক্ষেত্রে আধুনিক যন্ত্রপাতি সংগ্রহ করা। | ছোট/বড় আনুমানিক ১০০টি যন্ত্রপাতি/সামগ্রী সংগ্রহ | ব্যবস্থাপক, সরকারি যানবাহন মেরামত কারখানা | ২ বছর | |
| | অফিস অটোমেশন | অফিস অটোমেশন সফটওয়্যার এর কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে সরকারি যানবাহন অধিদপ্তরে ই-গভর্ন্যান্স প্রতিষ্ঠা করা। | | ১।পরিচালক (সড়ক)<br>২।পরিচালক (নৌ)<br>৩।ব্যবস্থাপক | ২০২২-২৩ অর্থবছর | |

Saddam
৩১/১০/2022
মোঃ সাদ্দাম হোসেন
সহকারী পরিচালক (নৌ)
সরকারি যানবাহন অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিচালক (নৌ)
সরকারি যানবাহন অধিদপ্তর
জনপ্রশাসন মন্ত্রণালয়